কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় দুই নারীর মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে সিমেন্ট বোঝাই শ্যালোইঞ্জিন চালিত ট্রলির ধাক্কায় মরিয়ম খাতুন (৪৮) ও ছবেলা খাতুন (৬৫) নামে দুই ভ্যান যাত্রী নিহত হয়েছেন। এই ঘটনায় গুরুতর আহত হয়েছে ভ্যানচালক।

আজ বুধবার সকাল পৌনে ১১টার দিকে কুষ্টিয়া-মেহেরপুর সড়কের মিরপুর উপজেলার মশান বাজারে এ দুর্ঘটনা ঘটে।

নিহত ভ্যানযাত্রী মরিয়ম খাতুন মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের কবরবাড়ীয়া এলাকার নাসির মন্ডলের স্ত্রী ও ছবেলা খাতুন একই এলাকার স্বর্গীয় কুমার মন্ডলের স্ত্রী। তারা টিসিবির পণ্য আনতে ইউনিয়ন পরিষদে যাচ্ছিলো।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, কবরবাড়ীয়া নিজ বাড়ী থেকে বারুইপাড়া ইউনিয়ন পরিষদের কার্যালয়ে টিসিবি পণ্য নিতে আসা যাত্রীবাহী একটি ভ্যান মশান বাজারে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি বেপরোয়া গতির সিমেন্ট বোঝাই শ্যালোইঞ্জিন চালিত ট্রলি ভ্যানটিকে সজোরে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই ভ্যানের যাত্রীরা গুরুতর আহত হয়। পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়া হলে সেখানকার কর্তব্যরত চিকিৎসক দুজনকে মৃত ঘোষণা করে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মমিনুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।